RESEARCH & PUBLICATION CELL
University of Chittagong
Chittagong-4331, Bangladesh
Phone : PABX 726311-14, 2606001-10
2606015-27, Extension-Off. : 4359
Fax : 88-031-2606014, 2606145
E-mail : researchpublicationcell@gmail.com

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪৩৩১, বাংলাদেশ
ফোন : পিএবিএক্স ৭২৬৩১১-১৪, ২৬০৬০০১-১০
২৬০৬০১৫-২৭, এক্সটেনশন অফিস : ৪৩৫৯
ফ্যাক্স : ৮৮-০৩১-২৬০৬০১৪, ২৬০৬১৪৫
ই-মেইল : researchpublicationcell@gmail.com

Ref. :

Date :

স্মারক নং-৬২৭৭/গবে/পরি/প্রকা/দপ্তর/চ.বি/২০১৮

তারিখ: ০৫/০৭/২০১৮

"গবেষণা প্রকল্প জমা দানের বিজ্ঞপ্তি"

প্রিয় সহকর্মীবৃন্দ,

আপনার/আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/ইনস্টিটিউট এর আগ্রহী শিক্ষকবৃন্দের একক/যৌথভাবে (নিম্নোক্ত ক্যাটাগরি অনুযায়ী) আবেদন ফরম পূরণ করে ৩(তিন) কপি গবেষণা প্রকল্প প্রস্তাবনা (স্পাইরাল বাইন্ডিং) করে বিভাগীয় সভাপতি/পরিচালক এর সুপারিশক্রমে ২৫/০৭/২০১৮ তারিখের মধ্যে বিজ্ঞপ্তির সংযুক্ত শর্ত মোতাবেক গবেষণা পরিচালনা ও প্রকাশনা অফিসে জমা দানের জন্য অনুরোধ করা হল।

৪(চার)টি ধাপে গবেষণা প্রকল্পের ধরণ ও প্রকৃতি (ক্যাটাগরী) নির্ধারণ করা হয়। প্রকল্প জমা দেওয়ার সময় ক্যাটাগরি উল্লেখ করতে হবে।

	ক্যাটাগরি	গবেষণা অনুদানের পরিমান
১।	ক-ক্যাটাগরি মাঠকর্ম + ল্যাব ভিত্তিক	৪ থেকে ৫ লক্ষ টাকা
২।	খ- ক্যাটাগরি শুধু মাঠকর্ম ভিত্তিক	৩ থেকে ৪ লক্ষ টাকা
৩।	গ-ক্যাটাগরি শুধু ল্যাব ভিত্তিক	২ থেকে ৩ লক্ষ টাকা
৪।	ঘ-ক্যাটাগরি শুধু লাইব্রেরী ভিত্তিক	১ থেকে ২ লক্ষ টাকা

(প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহামেদ)
পরিচালক
গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

সংযুক্তি : আবেদন পত্রের নমুনা ও নীতিমালা

বি:দ্র: -বিজ্ঞপ্তিটি অত্যন্ত জরুরী বিধায় আপনার বিভাগ/ ইনস্টিটিউটের সকল সম্মানীত শিক্ষকদের অবহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল।

Research & Publication Office
Chittagong, Bangladesh
Dt...........
University of Chittagong

Research & Publication Office
University of Chittagong.

Application of financial grant for Research Project

1. Name of the Applicant
2. Present Position ______________________________
3. Academic Qualifications ______________________________
____
4. Title of the Research Project: ______________________________
5. Outline the Research Proposal with following specific-criteria :
[Please use the separate sheet for the Research Proposal.]
   (ক) Short Description of the Research Problem: Background and Context of the Research
   (খ) Rationale of the Proposed Research
   (গ) Hypothesis / Research Questions
   (ঘ) Aims and Objectives of the Research
   (ঙ) Literature Review and Theoretical Framework
   (চ) Research Methodology
   (ছ) Expected Outcomes and Contribution of the Research
   (জ) Time Frame with Activity Plan
   (ঝ) Proposed Budget
6. Whether financial grant(s) were received previously under the research office. If yes, please specify the title(s) for which grant(s) was/ were made :
7. Please specify the period necessary for completion of the project :

Signature of the applicant
Date:-

গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর
(সমাজ বিজ্ঞান অনুষদের পূর্ব দিকে)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম, বাংলাদেশ।

গবেষণা সংক্রান্ত নীতিমালা

এতদ্বারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও ইনস্টিটিউটে কর্মরত সহকর্মীদের অবগতির জন্য জানাচ্ছি যে, ৫১০ তম সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত নীতিমালার আলোকে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও এম.ফিল/পি এইচ ডি.গবেষণারত ছাত্র-ছাত্রীদের ব্যক্তিগত গবেষণার সুযোগ-সুবিধা বৃদ্ধির উদ্দেশ্যে গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের মাধ্যমে গবেষণা প্রকল্পের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী অনুসৃত হবে।

১। শিক্ষকদের প্রতি গবেষণা প্রকল্পের অনুকূলে গবেষণা পরিচালনার জন্য বিভিন্ন ক্যাটাগরিতে ১(এক) থেকে ৫(পাঁচ) লক্ষ পর্যন্ত টাকা আর্থিক অনুদান প্রদান করা হবে।

২। একই অর্থ বছরে একজন গবেষকের নিকট হতে একাধিক গবেষণা প্রকল্পের জন্য আবেদন গ্রহণ করা যাবে না এবং পূর্বে গৃহীত প্রকল্প সম্পন্ন না হওয়া পর্যন্ত নুতন প্রকল্পের জন্য আবেদন করা যাবে না।

৩। এক বৎসরে ৩ (তিন) বার গবেষণা প্রকল্প আহবান করা হবে (জুলাই, নভেম্বর এবং ফেব্রুয়ারী) এবং গবেষণা প্রকল্পের মেয়াদকাল হবে ৯ (নয়) মাস।

৪। নিম্মোক্ত বিষয়াদি অর্ন্তভূক্ত করে গবেষণা প্রকল্প জমা দিতে হবে ঃ

(ক) গবেষণা প্রকল্পের শিরোনাম (Title of the Research Proposal)
(খ) গবেষণা সমস্যার সংক্ষিপ্ত বিবরণ ও প্রেক্ষাপট (Short Description of the Research Problem, Background and Context of the Research)
(গ) গবেষণার যৌক্তিকতা (Rationale of the Proposed Research)
(ঘ) অনুকল্প/ গবেষণা জিজ্ঞাসা (Hypothesis / Research Questions)
(ঙ) গবেষণার লক্ষ্য ও উদ্দেশ্য (Aims and Objectives of the Research)
(চ) সাহিত্য পর্যালোচনা ও তাত্ত্বিক কাঠামো (Literature Review and Theoretical Framework)
(ছ) গবেষণা পদ্ধতি (Research Methodology)
(জ) গবেষণার সম্ভাব্য ফলাফল এবং অবদান (Expected Outcomes and Contribution of the Research)
(ঝ) সময় সূচীর ভিত্তিতে কর্মপরিকল্পনা (Time Frame with Activity Plan)

৫। প্রস্তাবিত বাজেটে (Proposed Budget) নিম্মোক্ত হারে ক্ষেত্র বিশেষে প্রাক্কলন করা যাবে ঃ

(ক) প্রকল্প পরিচালক ও সহযোগী পরিচালক (যদি থাকে) সম্মানী বাবদ (সর্বোচ্চ) -১৫%
(খ) যাতায়াত বাবদ (সর্বোচ্চ) -২০%
(গ) রিপোর্টি প্রস্তুত করার জন্য আনুষাঙ্গিক খরচাদি (কম্পিউটার কম্পোজ ও বাইন্ডিং ইত্যাদি) - ৫%
(ঘ) মাঠকর্ম ভিত্তিক গবেষণার আনুষাঙ্গিক খরচাদি,তথ্য উপাত্ত সংগ্রহের নিমিত্তে খরচাদি,গবেষণা উপকরণ সংগ্রহে আনুষাঙ্গিক খরচাদি, ল্যাব ভিত্তিক গবেষণার প্রয়োজনীয় সরঞ্জাম বাবদ খরচাদি, কেমিক্যাল, বৈজ্ঞানিক যন্ত্রপাতি ইত্যাদি বাবদ খরচাদি- -৬০%

৬। যেহেতু ছাত্র-ছাত্রীদের গবেষণা প্রকল্পে সরাসরি আবেদন করার সুযোগ নেই, তথাপি এম.ফিল/পি এইচ ডি. গবেষণারত ছাত্র-ছাত্রীরা তাদের সুপারভাইজারের মাধ্যমে গবেষণা প্রকল্প জমা দিতে পারবে। প্রয়োজনে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সাথে প্রশাসনিক / আর্থিক প্রনোদনা ব্যতিরেকে শুধুমাত্র Academic Collaboration করে গবেষণা প্রকল্প জমা দেয়ার প্রবিধান রয়েছে।

৭। গবেষণা শেষে পূণার্ঙ্গ রিপোর্ট ও প্রকৃত খরচের হিসাব ভাউচারসহ জমা দিতে হবে। রিপোর্ট থেকে গবেষণার কোন অংশ প্রকাশিত হলে প্রবন্ধের শেষে গবেষণা প্রকল্পটি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আর্থিক আনুকূল্যে সম্পন্ন হয়েছে এই মর্মে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে এবং প্রকাশিত প্রবন্ধের একটি Soft (PDF) কপি গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরে জমা দিতে হবে।

৮। গবেষণা প্রকল্পের রেফারেন্স বা অন্য কোন অংশে গবেষকের নাম, ঠিকানা কিংবা প্রকল্পে আবেদনকারীকে সনাক্ত করা যায় এমন কোন তথ্য থাকতে পারবে না। এই তথ্যগুলি প্রচ্ছদ (Cover page) বা আবেদন পত্রের সাথে থাকতে পারে।

৯। গবেষণা প্রকল্প চূড়ান্ত ভাবে সম্পন্ন করার পর গবেষক / গবেষকবৃন্দ নুন্যতম একটি প্রবন্ধ **Published** করতে হবে।

১০। গবেষণা অনুদানের আবেদনের সাথে কম্পিউটার কম্পোজ ৩ (তিন) কপি স্পাইরাল বাইন্ডিং করা গবেষণা প্রকল্প জমা দিতে হবে। গবেষণা কার্যের জন্য অনুদান ৩(তিন) কিস্তিতে দেয়া হবে। অনুদানের আবেদন বিবেচিত হলে গবেষণার কাজ আরম্ভ করার জন্য প্রথম কিস্তি বাবদ ৩০% এবং ২য় কিস্তি বাবদ ৩০% টাকা অগ্রিম হিসাবে উত্তোলন করা যাবে। গবেষণা কাজের শেষে রিপোর্ট প্রাপ্তির পর সংশ্লিষ্ট বিশেষজ্ঞ কর্তৃক মূল্যায়ন রিপোর্টের আলোকে তৃতীয় কিস্তি (৪০%) অর্থাৎ চূড়ান্ত কিস্তির টাকা পরিশোধের ব্যবস্থা নেওয়া হবে। ১ম কিস্তির টাকা ছাড়ের তারিখ থেকে প্রকল্পের মেয়াদ গণনা করা হবে।

১১। প্রথম কিস্তির টাকা প্রাপ্তির ৯ (নয়) মাসের মধ্যে গবেষণা প্রকল্পের কাজ শেষ করে চূড়ান্ত রিপোর্টসহ খরচের ভাউচার, হিসাব বিবরণী জমা করতে হবে যদি কোন গবেষক নির্দিষ্ট সময়ের মধ্যে চূড়ান্ত রিপোট জমা দিতে ব্যর্থ হয়, তাহলে উক্ত গবেষককে ৩০ দিনের সময় দিয়ে সর্বোচ্চ ২টি তাগিদপত্র দেয়া হবে। সর্বশেষ তাগিদপত্র প্রাপ্তির পরেও গবেষণা কর্ম সম্পন্ন করতে ব্যর্থ হলে ১ম ও ২য় কিস্তি বাবদ প্রদত্ত অগ্রিমের টাকা গবেষকের মাসিক বেতন হতে সমান ১০ (দশ) কিস্তিতে সমন্বয় করার জন্য চ.বি. হিসাব নিয়ামক বরাবরে অনুরোধ করা হবে।

১২। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) অথবা অন্যকোন দেশী বা বিদেশী সংস্থার আংশিক বা পূর্ণ অর্থানুকূলে যে সকল গবেষণা করা হয় তার রিপোর্ট এবং শিক্ষকদের ব্যক্তিগত চিঠি বা এমফিল / পিএইচডি এর থিসিস গবেষণা ও প্রকাশনা দপ্তর থেকে কম্পিউটার কম্পোজ বা ফটোকপি করা যাবে না ।

১৩। গবেষণা প্রকল্প জমা দেয়ার সময় আবেদনের সাথে এই মর্মে ঘোষণার মাধ্যমে উল্লেখ করতে হবে যে, প্রকল্পটি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিমক) বা অন্য কোন সংস্থার/ প্রতিষ্ঠানের আর্থিক আনুকূল্যে আংশিক / পূর্ণাঙ্গভাবে গবেষণার অংশ বিশেষ নয়।

১৪। গবেষণা প্রকল্পের আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জমা দিতে হবে।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহামেদ)
পরিচালক
গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-৮০২৬/গবে/পরি/প্রকা/চ.বি./১৭

তারিখ: ১৬/১০/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চ.বি.(উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য দপ্তর, চ.বি.(উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। ডিন, কলা ও মানববিদ্যা/বিজ্ঞান/জীব বিজ্ঞান/ ব্যবসায় প্রশাসন/ সমাজ বিজ্ঞান/আইন/ইঞ্জিনিয়ারিং অনুষদ,
৪। সকল বিভাগীয় সভাপতিবৃন্দ, চ.বি. ।
৫। সকল ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, চ.বি. ।
(সংশ্লিষ্ট বিভাগ/ ইনস্টিটিউট এর শিক্ষক এবং এম.ফিল/পি এইচ ডি.গবেষণারত ছাত্র-ছাত্রীদের অবহিত করার অনুরোধসহ)।
৬। রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত),চ.বি. ।
৭। হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত),চ.বি. ।
৮। পরিচালক(ভারপ্রাপ্ত), পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, চ.বি. ।
৯। ডেপুটি রেজিস্ট্রার, উচ্চ শিক্ষা, ছুটি ও গবেষণা শাখা, চ.বি. ।
১০। অফিস সংরক্ষণ কপি।

(প্রফেসর ড. ফরিদ উদ্দিন আহামেদ)
পরিচালক
গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।